


# যুগান্তর

## সিলেট এমসি কলেজে ছাত্রলীগের সংঘর্ষ

প্রকাশ : ১৯ জুলাই ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 সিলেট ব্যুরো

সিলেট এমসি কলেজে ছাত্রলীগ দু'গ্রুপের ধাওয়া-পাল্টাধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। ক্যাম্পাস ও ছাত্রাবাসে আধিপত্য বিস্তারের জেরে জেলা ছাত্রলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক সঞ্জয় চৌধুরী ও ছাত্রলীগ নেতা সৌরভ দাসের অনুসারীদের মধ্যে এ সংঘর্ষ হয়। বৃহস্পতিবার দুপুর দেড়টায় এ সংঘর্ষকালে উভয় গ্রুপের হাতে ধারালো অস্ত্র ও লাঠিসোটা গেছে। এ সময় ক্যাম্পাসসহ টিলাগড় এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। শাহপাড়া থানার ওসি আবদুল কাইয়ুম জানান, খবর পেয়ে পুলিশ তাত্ক্ষণিক ঘটনাস্থলে পৌঁছে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ঘটনায় কেউ হতাহত হয়নি।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।